স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৩ ও জুন, ২০১৪

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

তৃতীয় পত্র (3rd Paper : **Kabya : Prachin O Adhunik**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) চর্যাপদের কাব্যমূল্য নিরূপণ করুন। পরবর্তী বাংলা কাব্যে এই ধারার প্রভাব সম্পর্কে আলোচনা করুন। ১০ + ১০

(খ) চণ্ডীদাস ও বিদ্যাপতির কবি-বৈশিষ্ট্যের উদাহরণসহ তুলনামূলক আলোচনা করুন।

(গ) বৃন্দাবন দাসের 'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ডে নবদ্বীপের বর্ণনায় তৎকালীন বাংলার ধর্ম, সমাজ ও সংস্কৃতির যে ছবি ফুটে উঠেছে তার বর্ণনা দিন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) কৃত্তিবাসের 'অরণ্যকাণ্ড'-এ যুদ্ধাদি বর্ণনার মধ্যে কোন্ যুদ্ধটি কেন আকর্ষণীয় হয়েছে — সে সম্পর্কে তুলনামূলক আলোচনা করুন।

(ঙ) ''রবীন্দ্রনাথের 'আফ্রিকা' কবিতাটি একটি বিশেষ দেশকালের পটভূমিকায় রচিত হলেও এটি দেশকাল-নিরপেক্ষ অসাধারণ সৃষ্টি হিসেবেই গণ্য''— এ বিষয়ে আপনার অভিমত লিখুন।

(চ) জীবনানন্দ দাশের 'বনলতা সেন' কবিতা বিশ্লেষণ করে, কবির কালচেতনা ও মৃত্যুচেতনার পরিচয় দিন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রাধা ও কৃষ্ণ চরিত্রে পৌরাণিক উৎস বা লৌকিক উপাদান — কোন্‌টি প্রাধান্য লাভ করেছে তা আলোচনা করুন।

(খ) 'নীরদ নয়নে নীরঘন সিঞ্চনে
পুলক-মুকুল অবলম্ব।'
— উদ্ধৃতিটি কোন্ কবির ? এটি কোন্ পর্যায়ের পদ ? উপযুক্ত উদাহরণসহ কবিতাটির ভাব বিশ্লেষণ করুন। ১ + ১ + ১০

(গ) কৃত্তিবাসী রামায়ণের মধ্যে কৃত্তিবাস যে বাঙালিয়ানা ফুটিয়েছেন সে সম্পর্কে উদাহরণসহ আলোচনা করুন।

(ঘ) চৈতন্যজীবনীর ক্ষেত্রে বৃন্দাবন দাসের চৈতন্যভাগবতের ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(ঙ) মেঘনাদবধ কাব্যের ষষ্ঠ সর্গের বিভীষণের চরিত্রটি ব্যাখ্যা করুন।

(চ) ''বিরহবেদনা-ভারাক্রান্ত চিত্তের স্মৃতিচারণামূলক কবিতা'' 'গানের আড়াল' — আলোচনা করুন।

(ছ) 'বিড়াল' সম্পর্কে প্রচলিত ভাবানুষঙ্গ সংক্ষেপে বর্ণনা করুন।

(জ) বিংশ শতাব্দীর আধুনিক কবিতার রূপগত বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে বর্ণনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) চর্যাপদের ভাষাকে 'সন্ধ্যাভাষা' কেন বলা হয় ?

(খ) 'কা আ তরুবর পঞ্চবি ডাল।' চরণটির সাধারণ ও তত্ত্বগত ব্যাখ্যা দিন।

(গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্য নাট্য-লক্ষণাক্রান্ত — আলোচনা করুন।

(ঘ) জ্ঞানদাসকে চণ্ডীদাসের 'ভাবশিষ্য' কেন বলা হয় তা আলোচনা করুন।

(ঙ) রামায়ণের অরণ্যকাণ্ডে মারীচ রাবণকে সীতাহরণ করতে নিষেধ করেছিল কেন তা লিখুন।

(চ) চৈতন্যদেবের জীবনীর বিভিন্ন স্তরের বিশেষ বিশেষ ঘটনার উল্লেখ করুন।

(ছ) ছন্দ কবিতার গুরুত্বপূর্ণ বিষয় — আলোচনা করুন।

(জ) 'কৃতান্ত আমি রে তোর দুরন্ত রাবণি !' — কার উক্তি ? 'কৃতান্ত' শব্দের অর্থ কি ? 'রাবণি' — প্রত্যয় নির্ণয় করুন। প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন।

১ + ১ + ১ + ৩

(ঝ) 'শঙ্খ' কবিতার দুটি স্তবকের শেষে শঙ্খের যে পরিচয় দেওয়া হয়েছে, সেগুলি উল্লেখ করুন।

(ঞ) 'আমি ক্লান্ত প্রাণ' উক্তিটির মধ্য দিয়ে কবি জীবনানন্দ দাশের মনোভাব ব্যক্ত করুন।

(ট) 'মুক্তক ছন্দ' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(ঠ) বাংলা মহাকাব্যধারার তিনজন কবির তিনটি মহাকাব্যের নাম লিখুন।